# প্রশ্নোত্তরে ফিকহুল ইবাদাত

বিভাগ/অধ্যায়ঃ দ্বিতীয় অধ্যায় - সালাত (নামায)

রচয়িতা/সঙ্কলকঃ অধ্যাপক মোঃ নূরুল ইসলাম

৫২. বিতরের সালাত কত রাকাআত?

বিতরের সালাতের সর্বনিম্ন সংখ্যা হলো এক রাকাআত এবং সর্বোচ্চ হলো ১১ রাকাআত। বিতরের সালাত ১ রাকাআত পড়াও জায়েয আছে। আল্লাহ রাসূল (স) বলেছেন, “কেউ যদি ১ রাকাআত বিতর পড়তে চায়, তা সে করতে পারে।” (আবু দাউদ: ১৪২২, নাসাঈ: ১৭১২) আবার তিন রাকাআত বিতর পড়া যায়।
রাসূলুল্লাহ (স) বলেছেন,

“যে ব্যক্তি বিতরের সালাত ৩ রাকাআত পড়তে চায়, তা সে পড়তে পারে।” (আবু দাউদ: ১৪২২ ও নাসাঈ: ১৭১২)। বিতর ৫ রাকাআতও পড়ার নিয়ম আছে। নবী কারীম (স) বলেছেন, “কেউ ৫ রাকাআত বিতর পড়তে চাইলে তা সে পড়তে পারে।” (আবু দাউদ: ১৪২২ ও নাসাঈ: ১৭১২) এভাবে ৭ বা ৯ বা ১১ রাকাআত পর্যন্ত বিতরের সালাত আদায় করার সুযোগ আছে, জায়েয আছে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12937

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন